জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৪৬৩) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৪/১৪৯৮ তারিখ : ০৮/১১/২০১৫

২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ**
সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (www.nubd.info/degree-pass) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। **পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ**

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ	ঃ ১৫/১১/২০১৫ হতে ১৪/১২/২০১৫ পর্যন্ত
খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ	ঃ ১৫/১২/২০১৫
গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ১৫/১২/২০১৫ হতে ১৯/১২/২০১৫ পর্যন্ত
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ২১/১২/২০১৫ হতে ২২/১২/২০১৫ পর্যন্ত
ঙ) Pay Slip, ফিস বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার শেষ তারিখ	ঃ ২৩/১২/২০১৫ হতে ২৪/১২/২০১৫ পর্যন্ত

৩। **২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

ক) ১ম বর্ষ (৪০০ নম্বর) – অনিয়মিত	ঃ ৪০০/-
খ) (i) ২য় বর্ষ (৪০০ নম্বর) – নিয়মিত/অনিয়মিত	ঃ ৪০০/- (রোভার স্কাউটিং থাকলে ৬৫০/- টাকা)
(ii) ২য় বর্ষ – মানোন্নয়ন (১ম বর্ষসহ)	ঃ ৪০০/- + মানোন্নয়ন প্রতি পত্রে ১০০/- হারে
গ) (i) ৩য় বর্ষ (৭০০ নম্বর) – নিয়মিত (পূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি)	ঃ ১৩০০/- (সামরিক বিজ্ঞান থাকলে অতিরিক্ত ২৫০/- টাকা এবং ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- হারে)
(ii) ৩য় বর্ষ– (২য় বর্ষসহ মানোন্নয়ন)	ঃ ১৩০০/- + মানোন্নয়ন প্রতি পত্রে ১০০/- হারে এবং ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- হারে
(iii) ৩য় বর্ষ- অকৃতকার্য (এক বা একাধিক পত্র)/বিভাগ উন্নয়ন	ঃ ১১০০/-
ঘ) সার্টিফিকেট কোর্স	ঃ ৭০০/-
ঙ) কেন্দ্র ফি - (i) ব্যবহারিক ছাড়া	ঃ ৩০০/- (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)
- (ii) ব্যবহারিকসহ	ঃ ৪০০/- (বিশ্ববিদ্যালয়ে জমা হবে না)

৪। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে **Apply to online form Fillup (For Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেনদকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৫। **অনলাইনে পরীক্ষার্থী ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass)-এ গিয়ে College Log in (For College Authority) এ প্রবেশ করে College EIIN ও Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। উল্লেখ্য EIIN ছাড়া ফরম পূরণ নিশ্চয়ন হবে না।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী ও প্রশ্নপত্রের চাহিদা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

ঙ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীলগালা অবস্থায় (এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

চ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ০২-৯২৯১০১৭, ০২-৯২৯১০৩৮ (সকাল ৮-৩০মিঃ থেকে ৪-৩০মিঃ পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ছ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম ও মোবাইল ফোন নম্বর সম্বলিত তালিকা, বিবরণী ফরম, ফি বিবরণী ফরম জমার সময় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

জ) **বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

৬। ফি জমাদানের নিয়মাবলী ঃ

ক) সংশ্লিষ্ট কলেজ (www.nubd.info/degree-pass) ওয়েবসাইট-এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে ৪ কপি রশিদ গ্রহণ করতে হবে। ১ কপি কলেজ সংরক্ষণ করবে, ১ কপি অর্থ ও হিসাব শাখায় এবং ১ কপি সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। অন্য কপি ব্যাংক সংরক্ষণ করবে।

খ) নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য ০১৮৬৭-০৬৫১১১ মোবাইল ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৭। বিবরণী ফরম ও ফি বিবরণী জমা দানের নিয়মাবলী ঃ

আবেদন ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি সংশ্লিষ্ট পরীক্ষার্থী ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর গ্রুপ অনুযায়ী পৃথকভাবে বাঁধাই করে উক্ত পরীক্ষার্থী বিবরণী, হিসাব বিবরণী (দুই কপি) এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ

আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী : বাড়ী-০৫, রোড-০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী ফোনঃ ০৭২১-৭৬২১৪১	আঞ্চলিক কেন্দ্র, বরিশাল : হোল্ডিং নং ০০০১০০০, ওয়ার্ড নং ১২, মেডিকেল কলেজ লেন দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০ ফোন ঃ ০৪৩১-৬১১৬৮	আঞ্চলিক কেন্দ্র, খুলনা : বাড়ী-২৭৭, রোড-১, কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯০০০ ফোন ঃ ০৪১-৭৩১৬৭৩
আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম : মাস্টার কটেজ, বাড়ী-৪৩, রোড- ০১, ভি আই পি এইচ/এস, দক্ষিণ খুলশি, খুলশি চট্টগ্রাম-৪০০০, ফোন ঃ ০৩১-২৫১৫৭২৪	আঞ্চলিক কেন্দ্র, সিলেট : আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট ফোন ঃ ০৮২১-৭২৯১০২	আঞ্চলিক কেন্দ্র, রংপুর : বাড়ী-৩৯০, ওয়ার্ড নং ০৯, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর-৫৪০০ ফোন ঃ ০৫২১-৫৬০১৫
ঢাকা বিভাগের জন্য : জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪, ফোন ঃ ০২-৯২৯১০৩৮		

৮। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত (৪০০ নম্বর) ঃ

i) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৩ সালে ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (not promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১২, ২০১৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সেসব শিক্ষার্থীগণ ২০১৪ সালে অনুষ্ঠিতব্য (পুরাতন সিলেবাস) ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে এসব শিক্ষার্থীগণকে পরবর্তী ২ বছরের মধ্যে ২য় বর্ষ ও ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই কৃতকার্য হতে হবে।

iii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ইংরেজি আবশ্যিক/বিকল্প ইংরেজি সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iv) ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা ৩য় বর্ষে অনুষ্ঠিত হবে।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৪০০ নম্বর) ঃ

i) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা বাংলা জাতীয় ভাষা/বিকল্প পত্রসমূহসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় একটি বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে, তাদেরকে ২য় বর্ষের পরীক্ষার সাথে **উক্ত ১ম বর্ষের অনুপস্থিত বিষয়ে/পত্রের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।**

iii) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে, তারা ইচ্ছে করলে ঐ সব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

iv) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ইংরেজি আবশ্যিক বিষয়ে অকৃতকার্য হয়েও ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে তাদেরকে ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ইংরেজি আবশ্যিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ২য় বর্ষের নির্ধারিত সব পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

গ) **ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৪০০ নম্বর) ঃ**

i) ২০১১-২০১২ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১২, ২০১১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১১, ২০১২ ও ২০১৩ সালের ১ম বর্ষের পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১১-২০১২ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১২, ২০১১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় একটি বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে, তাদেরকে ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত **১ম বর্ষের অনুপস্থিত বিষয়ে/পত্রের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে**।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১২ ও ২০১৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সব শিক্ষার্থীরা ২০১৪ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iv) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৩ সালের পরীক্ষায় কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়ে থাকলে তারা ইচ্ছে করলে ঐসব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

v) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ইংরেজি আবশ্যিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকলে ২০১৪ সালের ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ইংরেজি আবশ্যিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে

vi) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

ঘ) **ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) ঃ**

i) ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে, সে সকল শিক্ষার্থী এ পরীক্ষায় ''স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস'' সহ প্রতিটি নৈর্বাচনিক বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রে অংশগ্রহণ করবে। উল্লেখ্য ''স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস'' বিষয়ে ১০০ নম্বরের পরীক্ষা হবে। ১০টি প্রশ্ন থাকবে তন্মধ্যে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ii) ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় এক বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে তাদেরকে ৩য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত অনুপস্থিত বিষয়ের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৩ সালের পরীক্ষায় ২য় বর্ষ হতে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়ে ৪৫% এর কম নম্বর পেয়েছে তারা ইচ্ছে করলে ঐ সব পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iv) ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৩ সালের ইংরেজি আবশ্যিক ও বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ বিষয়ের যে কোন একটিতে অথবা উভয়টিতে অকৃতকার্য হয়ে থাকলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

v) এ সকল শিক্ষার্থীদের ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

vi) ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে/পত্রে অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

ঙ) **ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৬০০ নম্বর) ঃ**

i) ২০১০-২০১১, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১১, ২০১০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী, ২০১২, ২০১১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষ হতে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২০১৪ সালের পরীক্ষায় প্রতিটি নৈর্বাচনিক বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রে অংশগ্রহণ করবে।

ii) ২০১০-২০১১, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের ও ২০১১, ২০১০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় এক বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে তাদেরকে ৩য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত অনুপস্থিত বিষয়ের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৩ সালের পরীক্ষায় একাধিক বিষয়ে অনুপস্থিত থাকার কারণে চূড়ান্ত পরীক্ষায় অকৃতকার্য হয়েছে তারা অনুপস্থিত বিষয়সমূহে ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করবে। এসকল শিক্ষার্থী কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়ে থাকলে তারা ইচ্ছে করলে ঐসব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

iv) **২০১০-২০১১, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১১, ২০১০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী, যারা ২০১৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্সের ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদেরকে ''স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস'' বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না।**

v) উপরোক্ত শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী ইংরেজি আবশ্যিক ও বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ বিষয়ের যে কোন একটিতে অথবা উভয়টিতে অকৃতকার্য হয়ে থাকলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে এবং এসব শিক্ষার্থীরা ২০১৩ সালের পরীক্ষায় কোন নৈর্বাচনিক পত্রে ৪৫% এর কম নম্বর পেয়ে থাকলে ঐসব নৈর্বাচনিক (৩য় ও ৪র্থ) পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

vi) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৩ সালে ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য (অকৃতকার্য, অনুপস্থিত) হয়েছে তারা এ পরীক্ষায় অকৃতকার্য বিষয়, অনুপস্থিত বিষয়সমূহে (৩য় ও ৪র্থ পত্র) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ফলাফল উভয় বর্ষের নম্বরের মধ্যে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের (পিক-আপ) ভিত্তিতে ফলাফল নির্ধারণ করা হবে।

vii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী ৩য় বর্ষের পরীক্ষা শেষে ব্যবহারিক সম্বলিত পত্রে তত্ত্বীয় বিষয় অকৃতকার্য হলে তত্ত্বীয় পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য হলে ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

চ) **ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (বিভাগ উন্নয়ন) ঃ**

i) ২০১৩ সালের ডিগ্রী পাস পরীক্ষায় অংশগ্রহণ করে শুধুমাত্র ৩য় বিভাগ/পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা (রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে) ইচ্ছে করলে ২০১৪ সালের ডিগ্রী পাস পরীক্ষার সাথে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে তার ফলাফল উভয় বর্ষের নম্বরের মধ্যে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের (পিক-আপ) ভিত্তিতে ফলাফল নির্ধারণ করা হবে।

ii) এ সব শিক্ষার্থী শুধুমাত্র ৩য় বর্ষের জন্য (৩য় ও ৪র্থ পত্র) নির্ধারিত এক বা একাধিক পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। এ ক্ষেত্রে ৪৫% এর অধিক নম্বর পেলেও মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।